## তেরখাদা উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২১ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ শহীদুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
তেরখাদা, খুলনা।

সভার তারিখ ও সময় : ৩০/০৯/২০২১ খ্রিঃ, বিকাল : সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান :- উপজেলা পরিষদ মিলনায়তন, তেরখাদা, খুলনা।

### সভায় উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট - ক)

সভার শুরুতে সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ শহীদুল ইসলাম, Zoom Video Conference এর মাধ্যমে সভায় যুক্ত খুলনা ৪ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব আব্দুস সালাম মুর্শেদী মহোদয়কে শুভেচ্ছা জানান এবং উপজেলা পর্যায়ের কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানদের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে এ সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন ।

উপজেলা নির্বাহী অফিসার সভার কার্যক্রম পরিচালনা করেন। তিনি Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য জনাব আব্দুস সালাম মুর্শেদী মহোদয় এবং সকল জনপ্রতিনিধি ও সকল কর্মকর্তাদের শুভেচ্ছা জানান। তিনি মাননীয় সংসদ সদস্য মহোদয়কে সরকারি বিভিন্ন দপ্তরের কার্যক্রম অবহিত করেন। তেরখাদা বাজারে চিত্রা নদীর উপর ব্রীজ নির্মাণ প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য বিকল্প রাস্তা ও বেইলী ব্রীজ নির্মানের জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং তেরখাদা উপজেলার উন্নয়নে বিভিন্ন বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানান।

অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। সভায় দপ্তর ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তাবলী গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ/বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | সভা ও স্থায়ী কমিটি | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহোদয় সকল কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষন করতঃ বলেন সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রতি সভায় অবশ্যই দিতে হবে । কোন কর্মকর্তা উপজেলা পরিষদের বিভিন্ন সভায় উপস্থিত হতে না পারলে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আগেই অবহিত করতে হবে। যে সকল দপ্তর প্রধানগণ উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী কমিটির সদস্য-সচিব তারা প্রতি দুই মাসে অন্তত একটি সভা আহবান করে উপজেলা পরিষদকে অবহিত করার ব্যাপারে তিনি অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, এ বিষয়ে একমত পোষন করে বলেন যে, প্রতি দুই মাস অন্তর নির্ধারিত তারিখে এ সকল সভা আহবান করতে হবে। তিনি সকল দপ্তর প্রধানদের নিয়মিত ১৭টি স্থায়ী কমিটির সভা করার আহবান জানান। | ১)পরিষদের সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রনয়ন করতে হবে এবং সরকারি নীতিমালার আলোকে প্রতি দুই মাস অন্তর স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর প্রধান/ সদস্য সচিব ব্যবস্থা নিবেন। প্রথম ৯টি কমিটি প্রতি জোড় মাসে এবং পরবর্তী ৮টি কমিটি প্রতি বিজোড় মাসে সভা করবেন। | সকল দপ্তর প্রধানগণ, ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান |
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | উপজেলা প্রকৌশলী সভায় Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য মহোদয়কে শুভেচ্ছা জানিয়ে তেরখাদা উপজেলার উন্নয়নের চিত্র তুলে ধরেন। সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ তিনি বলেন, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উপজেলা-২ শাখার ০৫/০৮/২০২১ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫. ২০.০০১.২১-৪৪০ নং স্মারকে বার্ষিক উন্নয়ন তহবিল (ADP) এর আওতায় ১ম কিস্তিতে ২২.৫৪ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। তিনি বলেন ১ম কিস্তিতে যে বরাদ্দ পাওয়া গেছে ২য়, ৩য় ও ৪র্থ কিস্তিতে ও একই হারে বরাদ্দ পাওয়া যাবে। তিনি বলেন, জুনারী দাখিল মাদ্রাসার পিছনে নদীতে কাঠের পুল ভেঙ্গে যাওয়ায় উক্ত মাদ্রাছার ছাত্র-ছাত্রী এবং এলাকার সাধারণ মানুষের পারাপার ও যাতায়তে ভোগান্তি বেড়েগেছে। তাছাড়া জরুরী ভিত্তিতে "আটলিয়া শুকুর চৌহদ্দীর বাড়ি পার্শ্বে এবং আটলিয়া আকরাম চৌহদ্দীর বাড়ির পার্শ্বে রাস্তা ইটের সোলিং দ্বারা নির্মান" করা প্রয়োজন। তিনি জরুরী অগ্রাধিকার ভিত্তিতে জনগুরুত্বপূর্ণ এ সকল প্রকল্প (ADP) এর আওতায় বাস্তবায়নের জন্য অনুরোধ জানান এবং বলেন উক্ত বরাদ্দ হতে বর্ণিত প্রকল্পসমূহ বাস্তবায়ন করা যেতে পারে। | উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে জরুরী ভত্তিতে (ADP) এর আওতায় আরএফকিউ (RFQ) পদ্ধতিতে ৫.০০ লক্ষ টাকা ব্যয় সীমিত রেখে "জুনারী মাদ্রাসা সংলগ্ন নদীতে কাঠের পুল নির্মাণ এবং আটলিয়া শুকুর চৌহদ্দীর বাড়ির পার্শ্বে ও আটলিয়া আকরাম চৌহদ্দীর বাড়ির পার্শ্বে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন" প্রকল্প সমূহ বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, তেরখাদা, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আলোচনা-২ ঃ উপজেলা প্রকৌশলী সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ আরও বলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের অফিসে ব্যবহৃত কাঠের কুশন চেয়ার, স্টীলের আলমারী, ফাইল কেবিনেট, সোফা এবং কাটের চেয়ার, টেবিলসমূহ মেরামত এবং রং করা প্রয়োজন এবং উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবনে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়, ভাইস চেয়ারম্যানদ্বয় এবং অফিস সহকারীর দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য নতুন ০৪টি টেবিল,০৪টি রিভলবিং চেয়ার, ০২টি কম্পিউটার টেবিল, ০২টি ফাইল কেবিনেট এবং ৫০টি কুশন চেয়ার ক্রয় করা প্রয়োজন । তিনি বর্ণিত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান।<br><br>প্রকল্পের নাম ঃ উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ের জন্য নতুন আসবাবপত্র ক্রয় (অংশ-১), প্রকল্প মূল্য = ১,৫০,০০০/- টাকা।<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>মোঃ শরাফত হোসেন মুক্তি, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেরখাদা ---সভাপতি<br>জনাব ওয়ালিদ ইবনে হাসান, উপজেলা প্রকৌশলী ----------- সেক্রেটারী<br>জনাব প্রজিত সরকার, উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) -------------সদস্য<br>জনাব মোঃ রিয়াজুল ইসলাম,সাঁট মুদ্রাক্ষরিক ইউএনও অফিস, ---- ----সদস্য<br>জনাব মোঃ আকরাম হোসেন, অফিস সহকারী, ইউএনও অফিস------- সদস্য<br>জনাব মোল্ল আজিজুর রহমান, অফিস সহায়ক, উপজেলা পরিষদ -- ----সদস্য<br>জনাব মোঃ মুসা শরিফ, অফিস সহায়ক, ইউএনও অফিস ----------- সদস্য<br><br>প্রকল্পের নাম ঃ উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ের জন্য নতুন আসবাবপত্র ক্রয় (অংশ-২), প্রকল্প মূল্য = ১,৫০,০০০/- টাকা।<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>জনাব নাজমা খাঁন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেরখাদা ------ সভাপতি<br>জনাব মোঃ সোহেল রানা, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, -------- -সেক্রেটারী<br>জনাব মোঃ সেলিম আহমেদ, উপসহকারী প্রকৌশলী এলজিইডি --- ----সদস্য<br>জনাব মোঃ আবু হোজায়ফা,সাঁট মুদ্রাক্ষরিক, উপজেলা পরিষদ ------ ----সদস্য<br>জনাব মোঃ নুর এ ইলাহি, অফিস সহকারী, ইউএনও অফিস ---------- সদস্য<br>জনাব মোঃ মহিদুল ইসলাম, অফিস সহায়ক, ইউএনও অফিস--------- সদস্য<br>জনাব নাজমা বেগম, অফিস সহায়ক, উপজেলা পরিষদ ---- ------ ---- সদস্য | উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে জরুরী ভত্তিতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় আসবাবপত্র সংগ্রহ/মেরামত খাত হতে উপজেলা পরিষদ কার্যালয়ের পুরাতন আসবাবপত্র মেরামত ও রং করনের জন্য ৫০,০০০/- হাজার টাকা ব্যয় সীমিত রেখে মেরামতের সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয় এবং অফিস সহকারীর দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য বর্ণিত নতুন আসবাবপত্র ৩,০০,০০০/- টাকার মধ্যে ব্যয় সীমিত রেখে নিম্ন লিখিত ০২টি প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় । | |
| ০৩ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য মহোদয়কে সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, কোভিড-১৯ এর ভ্যাক্সিন কার্যক্রম চলমান রয়েছে। সকল ইউনিয়নে গনটিকা চলমান রয়েছে। তিনি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন হাসপাতালে এক্সরে বিভাগ ও প্যাথলজি ল্যাবে জনবল সংকটের কারনে এ সকল সেবা প্রদান করা সম্ভব হচ্ছে না। তিনি এ বিষয়ে সংসদ সদস্য মহোদয়ের হস্তক্ষেপ কামনা করেন। মাননীয় সংসদ সদস্য মহোদয় ০৫টি কমিউনিটি ক্লিনিকে চিকিৎসা সেবার মান বাড়ানো এবং রিমোট এলাকার জনসাধারণ যেন স্বাস্থ্যসেবা পায় তা নিশ্চিত করার অনুরোধ জানান। | সুষ্ঠভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| | যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, চলতি অর্থবছরে ০৭ (সাত) দিন মেয়াদী গরু মোটাতাজাকরণ ট্রেডে ৩০ জন যুব ওযুব মহিলাকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। চলতি অর্থবছরে ১০জন যুব ও যুব নারীকে ৪,৪০,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে এবং কর্মসংস্থান ব্যাংকের মাধ্যমে ১৫ জন যুব ও যুব মহিলাকে ৩২,০০,০০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে। তাঁর দাপ্তরিক সকল কার্যক্রম সঠিক ভাবে চলমান রয়েছে। | সুষ্ঠভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর তেরখাদা, খুলনা সভায় উপস্থিত মাননীয় সংসদ সদস্যকে শুভেচ্ছা জানিয়ে বলেন, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২০-২১ অর্থ বছরের বিভিন্ন ইউনিয়নে ৪০৬টি গভীর নলকুপ স্থাপন, ৩৯০টি রেইন ওটার হার্ভেস্টিং ও ১০ টি কমিউনিটি লাট্রিন নির্মাণ কাজ চলমান রয়েছে এবং " নিরাপদ পানি সরবরাহে প্রকল্পের" আওতায় উপজেলার প্রতি ইউনিয়নে ২৬টি করে গভীর নলকুপ স্থাপনের কাজ চলমান রয়েছে। PEDP-4 প্রকল্পের আওতায় চরপাতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়, আনন্দনগর সরকারি প্রাথমিক বিদ্যালয় , আজগড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, জুনারী সরকারি প্রাথমিক বিদ্যালয়, নয়াবারাসাত সরকারি প্রাথমিক বিদ্যালয়, শেখপুরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াস ব্লক নির্মানের কাজ চলমান রয়েছে। এবং দাপ্তরিক সকল কার্যক্রম সঠিক ভাবে চলমান রয়েছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য |
| ০৫ | পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, আগস্ট/২১ মাসে এ উপজেলায় সক্ষম দম্পতির সংখ্যা ২৬৪৭৬, সর্বমোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা-২০,৪৯৫, পদ্ধতি গ্রহণকারীর হার (সিএআর)-৭৭.৪১%, গর্ভবতী-৮০০ জন, অগ্রহণকারী-৫১৮১ । তিনি আরও বলেন, স্যাটেলাইট ক্লিনিক সংগঠনের মাধ্যমে এবং স্বাস্থ্য শিক্ষা এবং কার্যক্রমের মাধ্যমে করোনাকালীন স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য জনসাধারণকে বিশেষভাবে উদ্বুদ্ধ করা যেতে পারে। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৬ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন, মাতৃত্ব কালীন ভাতা প্রদান কর্মসূচীর আওতায় জুলাই-ডিসেম্বর/২০ সময়ের সকল টাকা ভাতাভোগীর স্ব স্ব হিসাব নম্বরে জমা হয়েছে এবং ভাতা বিতরণের কাজ চলমান রয়েছে। জুলাই/২১ মাসের ভিজিডির খাদ্য বিতরণ করা হয়েছে। ভিজিডিরি সঞ্চয়রে ২০০/- টাকা জমা ছাড়া খাদ্য বিতরন করা যাবে না। প্রত্যেক উপকারভোগী তার স্বস্ব হিসাব নম্বরে টাকা জমার স্লিপ দেখাবে তারপর তাকে চাউল দেওয়া হবে। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, শিশুশ্রম নিরোধ, বাল্য বিবাহ প্রতিরোধ, মনব পাচার প্রতিরোধ এবং কোভিড-১৯ প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষে উঠান বৈঠক করা হয়। এ বিষয়ে তথ্য উপাত্ত দিয়ে প্রশাসনকে সহযোগীতা করার জন্য জনপ্রতিনিধিদের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন । | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্ত মাতৃত্ব কালীন ভাতা ও ভিজিডি কার্যক্রম বিধি মোতাবেক পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থ্যা গ্রহণ করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |
| ০৭ | উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, সেপ্টেম্বর-২১ মাস পর্যন্ত বিআরডিবি তেরখাদা, খুলনা দপ্তরে শেয়ার আদায় হয়েছে ০.২১ লক্ষ টাকা, সঞ্চয় আদায় ০.৭৩ লক্ষ, ঋণ বিতরণ ৩১.৬৪ লক্ষ টাকা , ঋণ আদায় ৪৩.৯৯লক্ষ টাকা এবং প্রকল্প/কর্মসূচীর মেয়াদোত্তির্ণ খেলাপী ঋণ আদায়ের জন্য উপজেলা নির্বাহী অফিসার তেরখাদা, খুলনা মহোদয়ের দপ্তরে ৩০টি সার্টিফিকেট মামলা দায়ের করা হয়েছিল। এপর্যন্ত ১৪ টি সার্টিফিকেট মামলা নিষ্পত্তি করা সম্বব হয়েছে। তিনি বাকী ১৬টি সার্টিফিকেট মামলা সচল রাখার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ জানান। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা। |
| ০৯ | ইউজিডিপি প্রকল্প | **ইউডিএফ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন,** আগষ্ট-২০২১ মাসের উপজেলা পরিষদ সভায় ০৬ (ছয়) টি সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্প প্রস্তাবনা এবং ৩ (তিন) টি অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্প প্রস্তাবনা গৃহীত হয়েছে। অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পসমূহের প্রাক্কলন দ্রুততম সময়ের মধ্যে প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান । | অবকাঠামো এবং দক্ষতা উন্নয়ন উপ প্রকল্প প্রস্তাবনাসমূহের সকল প্রয়োজনীয় কাগজপত্র দ্রুত প্রস্তুত করে চুড়ান্ত অনুমোদনের জন্য ইউজিডিপি প্রকল্প কার্যালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী তেরখাদা, খুলনা এবং ইউডিএফ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প |

বিবিধ আলোচনা ঃ

**আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল)** ঃ উপজেলা পরিষদের আগস্ট-২০২১ মাসে রাজস্ব তহবিলের দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানোর জন্য নিম্নবর্নিত ব্যয় বিল পরিষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ১। | উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের জুলাই/২১ মাসের সম্মানী, বাড়ী ভাড়া ও ভ্রমন ভাতা | ৫৪,১৮৬/- |
| ২। | উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানরে জুলাই /২১ মাসের সম্মানী ও ভ্রমন ভাতা প্রদান | ৩২,৯৭৫/- |
| ৩। | উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানরে জুলাই /২১ মাসের সম্মানী ও ভ্রমন ভাতা প্রদান | ৩২,৯৭৫/- |
| ৪। | উপজেলা পরিষদে দৈনিক ভিত্তিতে কর্মরত দুইজন কর্মচারীর জুলাই /২১ মাসের বেতন প্রদান | ২৫,২০০/- |
| ৫। | উপজেলা পরিষদের জীপগাড়ি টায়ারক্রয়, বিভিন্ন যন্ত্রাংশ ক্রয় এবং মেরামত ব্যয় বিল | ৫০,০০০/- |
| ৬। | জুলাই/২১ মাসের আপ্যায়ন ও আনুষঙ্গিক ব্যয় বিল | ৩৫,০০০/- |
| ৭। | উপজেলা পরিষদ কার্যালয়ের কম্পিউটার মেরামত ব্যয় বিল | ৬,৮৩২/- |

সিদ্ধান্ত ঃ উপর্যুক্ত বিল সমূহের ব্যয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় ।

সভাপতির বক্তব্য ঃ সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন । তেরখাদা বাজারে ব্রীজ নির্মাণ বাস্তবায়নের জন্য এবং বিকল্প রাস্তা ও বেইলি ব্রীজ নির্মানের জন্য তেরখাদা উপজেলাবাসির পক্ষথেকে ধন্যবাদ জ্ঞাপন করেন। মাননীয় সংসদ সদস্য মহোদয়ের নির্দেশনা মোতাবেক নাচুনিয়ায় ০১টি এবং ০৫নং তেরখাদা ইউনিয়নের আটলিয়া গ্রামে নদীতে ২টি কাঠের পুল নির্মাণ করা হয়েছে মর্মে অবহিত করনে। উপজেলার সকল উন্নয়ন মূলক কর্মকান্ড বাস্তবায়নের জন্য সকল কর্মকর্তা এবং জনপ্রতিনিধিদের এক সঙ্গে কাজ করার আহ্বান জানান। তিনি সকল দপ্তর প্রধানদের উপজেলা পরিষদ মাসিক সভায় নিয়মিত হাজির হওয়ার অনুরোধ জানিয়ে তাঁর বক্তব্য শেষ করেন।

অতঃ পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সম্মানিত সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শহীদুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা।
ও সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তেরখাদা, খুলনা।

স্মারক নম্বর- উনিঅ/তের/সভা-৯-৯/২০২১- ৬৩৯(৪০) তারিখঃ ৩০/০৯/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, খুলনা-৪।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা।
৪। জেলা প্রশাসক, খুলনা।

অবগতি ও কার্যার্থেঃ

৫। উপজেলা ..................................................... ..........অফিসার, তেরখাদা, খুলনা।
৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা।
৭। চেয়ারম্যান, আজগড়া/ বারাসাত/ ছাগলাদাহ/ সাচিয়াদাহ/ তেরখাদা/ মধুপুর ইউনিয়ন পরিষদ, তেরখাদা, খুলনা।
৮। অফিস নথি।

30/9/2021
উপজেলা নির্বাহী অফিসার
তেরখাদা, খুলনা।

পরিশিষ্ট-ক

ায় উপস্থিত সদস্যবৃন্দঃ

সভার তারিখ-৩০/০৯/২০২১ খ্রিঃ সময়ঃ সকাল ১১.০০ঘটিকা।

| ক্রঃ নং | সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | কর্মকর্তার প্রতিনিধি বৃন্দ |
|---|---|---|
| ০১. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ তেরখাদা, খুলনা। | |
| ০২. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা। | |
| ০৩. | চেয়ারম্যান, ১নং আজগড়া ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৪. | চেয়ারম্যান, ২নং বারাসাত ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৫. | চেয়ারম্যান, ৩নং ছাগলাদাহ ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৬. | চেয়ারম্যান, ৪নং সাচিয়াদহ ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৭. | চেয়ারম্যান, ৫নং তেরখাদা ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৮. | চেয়ারম্যান, ৬নং মধুপুর ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৯. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১০. | উপজেলা কৃষি অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১১. | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১২. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৩. | উপজেলা প্রকৌশলী, তেরখাদা, খুলনা। | |
| ১৪. | উপজেলা শিক্ষা অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১৫. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৬. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৭. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ১৮. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ১৯. | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), তেরখাদা, খুলনা | |
| ২০. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২১. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২২. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ২৩. | উপজেলা নির্বাচন অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ২৪. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২৫. | উপজেলা সমাজসেবা অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ২৬. | উপজেলা সমবায় অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ২৭. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তেরখাদা, খুলনা। | |
| ২৮. | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, তেরখাদা, খুলনা। | |
| ২৯. | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, তেরখাদা, খুলনা। | |
| ৩০. | ইনচার্জ, পল্লী বিদ্যুৎ সমিতি, তেরখাদা। | |
| ৩১. | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সরকারি খাদ্য গুদাম, তেরখাদা, খুলনা। | |

পরিশিষ্ট-খ

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ

১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, তেরখাদা, খুলনা।
২. উপ-বিভাগীয় প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, তেরখাদা, খুলনা।
৩. উপজেলা সহকারী সেটেলমেন্ট অফিসার, তেরখাদা, খুলনা।
৪. সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন।
৫. ফরেস্টার , বন বিভাগ, তেরখাদা
৬. তথ্য কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প।
৭. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, তেরখাদা, খুলনা।
৮. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, তেরখাদা, খুলনা।